লুটনে (Luton)

চিল্‌ড্রেন্স সেন্টারগুলির পুনঃডিজাইন সংক্রান্ত আলোচনা নথি

ভূমিকা

লুটনে আমরা এটি নিশ্চিত করতে নিজেদের জন্য উচ্চাকাঙ্খী লক্ষ্য ঠিক করেছি যে, 2040 সালের মধ্যে এখানে বসবাসকারী কেউ আর দরিদ্র থাকবেন না। আমরা যা কিছুই করি না তার কেন্দ্রস্থলে থাকে এই লক্ষ্যটি, কারণ এই শহর এখন যে বড় চ্যালেঞ্জগুলির সম্মুখীন হচ্ছে তার কয়েকটির মূল হল দারিদ্র্য। আমরা টাউন সেন্টারটিকে রূপান্তরিত করে, চাকরী তৈরীতে সহায়তা করে এবং কমিউনিটির উচ্চাকাঙ্খাকে বাড়িয়ে এই লক্ষ্যের উদ্দেশ্যে পদক্ষেপ গ্রহণ করছি। লুটনের চিল্‌ড্রেন ফ্যামিলিজ অ্যান্ড এডুকেশন ডিপার্টমেন্ট লুটন 2040-এর লক্ষ্যে কাজ করতে দায়বদ্ধ রয়েছে। আমরা বিশ্বাস করি যে, সমস্ত শিশুরই অধিকার রয়েছে তাদের পূর্ণ সম্ভাবনাকে কাজে লাগানোর সুযোগ পাওয়া এবং একটি ভাল মানের জীবন পাওয়া।

একটি কাউন্সিল হিসেবে আমরা আমাদের এই মূল্যবোধগুলিকে আত্মীকৃত করি:

সহযোগিতামূলক, উচ্চাকাঙ্খী, সম্মানমূলক, ক্ষমতা প্রদানকারী ও সহায়ক।

আমরা যেভাবে লুটনে শিশু, কমবয়সী ব্যক্তি ও পরিবারগুলিকে সহায়তা করে থাকি, তার কেন্দ্রে থাকে আমাদের মূল্যবোধগুলি। আমরা বিশ্বাস করি যে, শুনে, বুঝে, একসাথে পরিষেবাগুলির ডিজাইন করে এবং কোন সমালোচনামূলক মনোভাব ছাড়া কাজ করার মাধ্যমে, আমরা তাদের জন্য সম্ভাব্য সেরা ফলগুলি নিশ্চিত করতে পারব, যাদের আমাদের সহায়তার প্রয়োজন।

লুটন কাউন্সিলকে 2020-2021-এর জন্য একটি ভারসাম্যযুক্ত বাজেট নিশ্চিত করার জন্য কাউন্সিল জুড়ে £22 মিলিয়ন পাউন্ড মূল্যের সাশ্রয় করতে হবে। চিল্‌ড্রেন্স সার্ভিসেসকে জরুরী বাজেটের সহায়তার জন্য £3.2 মিলিয়ন পাউন্ড মূল্যের সাশ্রয় করতে হবে। আমরা বিধিবদ্ধ পরিষেবাগুলির উপর প্রভাব সর্বনিম্ন করার জন্য, চারটি অ-বিধিবদ্ধ চিল্‌ড্রেন্স সার্ভিসেসকে একত্রিত করার প্রস্তাব করেছি, যা হল ফ্লাইং স্টার্ট চিল্‌ড্রেন্স সেন্টারগুলি, আর্লি হেল্প,ফ্রেশ স্টার্ট ও ম্যানর কন্ট্যাক্ট সেন্টারকে একটি একত্রিত ফ্যামিলি রিসোর্স সার্ভিসে একীভূত করা। আমরা এই পরিষেবাগুলি যে কাজ করে থাকে, সেই কাজগুলির ক্ষেত্রে সেই পরিবারগুলির উপর পুনঃমনোনিবেশ করব, যাদের আমাদের সহায়তার সবচেয়ে বেশী প্রয়োজন রয়েছে।

আমাদের এই ওয়েবসাইটে জরুরী বাজেটের ব্যাপারে আরো তথ্যাবলী উপলব্ধ রয়েছে:

https://democracy.luton.gov.uk/cmis5public/Meetings/tabid/70/ctl/ViewMeetingPublic/mid/397/Meeting/5727/Committee/1114/Default.aspx

একটি চিল্‌ড্রেন্স সেন্টার কি?

ফ্লাইং স্টার্ট চিল্‌ড্রেন্স সেন্টারগুলি বর্তমানে পরিবারগুলিকে গর্ভাবস্থা থেকে শিশুর বয়স পাঁচ বছর হওয়া পর্যন্ত সহায়তা প্রদান করছে। তারা স্থানীয় মিডওয়াইফ, জিপি (GP), হেল্‌থ ভিজিটর, নার্সারী ও কমিউনিটি গ্রুপগুলির সাথে কাজ করে, যাতে নিশ্চিত করা যায় যে, পরিবারগুলি তাদের প্রয়োজনীয় সহায়তা পাবে।

লুটনের ফ্লাইং স্টার্ট সার্ভিস

ফ্লাইং স্টার্টের দর্শন হল লুটনে ভবিষ্যতের প্রজন্মগুলির জন্য জীবনগুলির ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তনগুলি নিয়ে আসা এবং গর্ভাবস্থা থেকে পাঁচ বছর পর্যন্ত আমাদের সবচেয়ে ছোট শিশুদের জীবনের সম্ভাবনাকে আরো জোরদার করা। সমস্ত পরিষেবাগুলির সাথে একসাথে কাজ করার মাধ্যমে শিশুদের ও পরিবারগুলির জন্য ফলাফল প্রদান করে এটি করা হবে, যেখানে বাবা-মা ও কমিউনিটি-চালিত সিদ্ধান্ত গ্রহণের বিষয়টি প্রক্রিয়াগুলির কেন্দ্রস্থলে থাকবে। আমাদের মূখ্য অংশীদারদের সাথে এবং আমাদের ফ্লাইং স্টার্ট চিলড্রেন্স সেন্টারগুলির সাথে নিবিড়ভাবে কাজ করার মাধ্যমে, আমরা গবেষণার উপর ভিত্তি করে, এক গুচ্ছ পরিষেবা ও কার্যধারা প্রদান করে থাকি। পেশাদারদের সাথে কর্মরত উচ্চ প্রশিক্ষিত ফ্লাইং স্টার্ট চিল্ড্রেন্স সেন্টার ফ্যামিলি ওয়ার্কাররা যেখানে সম্ভব হয়, প্রয়োজনগুলি নিরসন করার জন্য বর্ধিতভাবে মনোনিবেশ করেন এবং যখন তা সম্ভব হয় না, সেই প্রয়োজনগুলি যাতে বেড়ে না যায় তা কমানোর জন্য প্রারম্ভিক হস্তক্ষেপগুলি করেন।

আর্লি হেল্প

শিশুদের ও পরিবারগুলির জন্য আর্লি হেল্প শুরুতেই, একটি সমস্যা হওয়ার আগে বা তা হওয়ার সাথে সাথে সহায়তা প্রদান করে থাকে, এবং গর্ভাবস্থায় থাকা থেকে শুরু করে বয়ঃসন্ধির বছরগুলি পর্যন্ত শিশুর জীবনের যে কোন সময় এই সহায়তা প্রদান করা হয়ে থাকে। আর্লি হেল্পের কার্যধারা হল এজেন্সীগুলির সাথে একসাথে কাজ করে সঠিক সময়ে হস্তক্ষেপ করা এবং সঠিক স্তরের পরিষেবা প্রদান করে প্রয়োজনগুলি আরো প্রকট হওয়াকে নিরসন করা। এর লক্ষ্য হল শিশু সুরক্ষা এবং ব্যাপক শারীরিক ও মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলির মত বিশেষজ্ঞ হস্তক্ষেপগুলির প্রয়োজন নিরসন বা হ্রাস করা।

ফ্রেশ স্টার্ট

ফ্রেশ স্টার্ট সেসব মহিলাদের সাথে কাজ করে, যাদের তত্ত্বাবধান থেকে শিশুদের অপসারণ করার ঝুঁকি রয়েছে বা তা পুনরাবৃত্ত হচ্ছে। এর লক্ষ্য হল এই চক্রটিকে ভাঙ্গা এবং মহিলাটিকে নতুন দক্ষতাগুলি ও প্রতিক্রিয়াগুলি তৈরীর সুযোগ করে দেওয়া, যা তাকে একটি আরো ইতিবাচক ভবিষ্যত তৈরীতে সহায়তা করবে।

ম্যানর কন্ট্যাক্ট সেন্টার

ম্যানর কন্ট্যাক্ট সেন্টারের প্রশিক্ষিত কর্মীরা সেসব বাবা-মায়েদেরকে সহায়তা, পরামর্শ ও নির্দেশনা প্রদান করে থাকেন, যারা একটি পর্যবেক্ষিত পরিবেশে তাদের শিশুপালনের দক্ষতা তৈরীতে সহায়তা পাওয়ার জন্য খোলা মনে সোশ্যাল কেয়ারের সহায়তা নিতে সম্মত থাকেন।

আমরা কেন আলোচনা করছি?

আর্থিক স্থিতিশীলতা নিশ্চিত করার জন্য, আমরা গত চার বছর ধরে উল্লেখযোগ্য সাশ্রয়গুলি করেছি। কোভিড-19 (COVID-19) সংকটের জন্য ইতোমধ্যে চ্যালেঞ্জপূর্ণ থাকা পরিস্থিতিটির আরো অবনতি হয়েছে, যা কাউন্সিল জুড়ে পরিষেবাগুলির জন্য উপলব্ধ অর্থায়নের উপর একটি প্রভাব ফেলেছে। সমস্ত স্থানীয় কর্তৃপক্ষগুলির মত আমাদেরও একটি ভারসাম্যপূর্ণ বাজেট চালানোর জন্য একটি আইনী বাধ্যবাধকতা রয়েছে। আমাদেরকে কিছু খুব কঠিন্ সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। আমাদেরকে নিশ্চিত করতে হবে যে, আমাদের ব্যয়কৃত অর্থ ও উপলব্ধ সংস্থানগুলিকে যাতে সবচেয়ে কার্যকরীভাবে আমাদের কমিউনিটিগুলির সবচেয়ে ঝুঁকিপূর্ণদের প্রয়োজনগুলি পূরণে ব্যবহার করা হয়।

আমাদের চিল্ড্রেন্স সেন্টার যেভাবে কাজ করে তা আমাদের প্রস্তাবগুলির দ্বারা পরিবর্তিত হবে এবং পরিষেবাগুলি যেভাবে প্রদান করা হবে এবং যেখান থেকে প্রদান করা হবে সেক্ষেত্রে একটি পরিবর্তন দেখতে পাবেন। নীচের “আমাদের

প্রস্তাবনা” ও “কি প্রভাব পড়বে?” বিভাগে এই পরিবর্তনগুলি নির্ধারণ করা হয়েছে। আমরা বিশেষ করে আমাদের ফ্লাইং স্টার্ট চিল্ড্রেন্স সেন্টারগুলি ব্যবহারকারীদের কাছ থেকে মতামত শুনতে আগ্রহী এবং আমরা প্রস্তাবিত পরিবর্তনগুলির সম্ভাব্য প্রভাবটি বুঝতে চাইছি।

আমাদের লক্ষ্য হল এটিকে একটি সুযোগ হিসেবে ব্যবহার করা যাতে আমাদের কমিউনিটিগুলির প্রয়োজনগুলিকে আবার খতিয়ে দেখা যায় এবং এমন একটি পরিষেবা তৈরী করা, যা সেই প্রয়োজনগুলি পূরণ করবে এবং এটি নিশ্চিত করা যে, আমাদের কাছে একটি অসাধারণ পরিষেবা প্রদানের জন্য প্রয়োজনীয় বিশেষজ্ঞ জ্ঞান ও দক্ষতাগুলি রয়েছে।

আমাদের প্রস্তাবনা

প্রস্তাবনাটি হল সহায়তার একটি মডেল তৈরী করা যা পরিবারগুলিকে বর্তমান পরিবার, বন্ধুবান্ধব ও কমিউনিটির নেটওয়ার্কগুলির সহায়তা গ্রহণ করা ও তার উপর তৈরী করতে উৎসাহিত করা হচ্ছে। তার লক্ষ্য হল লোকেদেরকে ক্ষমতা প্রদান করা, যাতে যেখানে সম্ভব হবে তারা নিজেরা নিজেদের সমাধান ও লক্ষ্য তৈরী করতে পারেন। প্রস্তাবিত পরিষেবাটি সেই পরিবারগুলির জন্য প্রদানকৃত হবে, যাদের 0-19 বছর বয়সী শিশু রয়েছ্যে বা বিশেষ শিক্ষাগত প্রয়োজন বা অসামর্থ্য থাকা 0-25 বছর বয়সী শিশু রয়েছে এবং যারা সবচেয়ে বেশী জটিল ও উল্লেখযোগ্য চ্যালেঞ্জগুলির সম্মুখীন হচ্ছেন এবং তারা এই সহায়তা থেকে সর্বাধিক লাভবান হবেন।

এটি নির্ধারণের জন্য একটি রেফারাল ও মূল্যায়ন প্রক্রিয়া ব্যবহার করা হবে যে, কারা পরিষেবাটি গ্রহণ করতে পারবেন এবং যাতে তাদের সহায়তার জন্য একটি উপযোগীকৃত প্যাকেজ নেওয়া যায় – বা তাদেরকে কমিউনিটি বা স্বেচ্ছাসেবী ক্ষেত্র ভিত্তিক পরিষেবাগুলিতে নাম নথিভুক্ত করা যায়।

আমরা এটি থাকা পরিবারগুলির জন্য একটি একত্রিত সহায়তা পরিষেবা প্রদান করব:

- প্রারম্ভিক বছরের শিশুরা
- বিশেষ শিক্ষাগত প্রয়োজনগুলি ও অসামর্থ্য থাকা শিশুরা
- যেসব শিশুদের পর্যবেক্ষিত যোগাযোগ প্রয়োজন
- স্কুল-বয়সী শিশুরা
- বয়ঃসন্ধির শিশুরা

এটি অর্জনের জন্য, আমাদের লক্ষ্য হল একটি পাড়া ভিত্তিক বহু-শাখাযুক্ত পারিবারিক সংস্থান পরিষেবা তৈরী করা, যাতে প্রয়োজনের ভিত্তিতে বিভিন্ন ধরণের এক গুচ্ছ সহায়তা প্রদান করা যায়। আমাদের পেশাদারদের জন্য প্রস্তাবনা হল নার্সারী, স্কুল ও মূখ্য পরিষেবাগুলির সাথে নিবিড় কাজের সম্পর্ক তৈরী করা, যাতে 5টি পাড়ার এলাকাতে সবচেয়ে ঝুঁকিপূর্ণ শিশু ও পরিবারগুলির জন্য লক্ষ্যকৃত ও কাঠামোকৃত হস্তক্ষেপগুলি করা যায়। দুই রকম ভাবে সহায়তা প্রদান করা হবে, প্রথমটি হল একটি হাবে বা পারিবারিক বাসাতে একজনের-সাথে-একজন ভিত্তিতে একটি পরিবার বা পরিবারের একজন সদস্যের সাথে সরাসরি কাজ করা এবং দ্বিতীয়টি হল দলগত সেশনগুলির মাধ্যমে, যা আমাদের হাবগুলির একটিতে অনুষ্ঠিত হবে।

আমরা নিম্নলিখিত প্রয়োজনগুলির ক্ষেত্রে সহায়তা প্রদান করব:

- প্রমাণ ভিত্তিক শিশুপালন সংক্রান্ত কর্মসূচীগুলি (যেমন স্ট্রেংদেনিং ফ্যামিলিজ, স্ট্রেংদেনিং কমিউনিটিজ এবং ইনক্রেডিব্‌ল ইয়ার্স) এবং শিশুপালন মূল্যায়নগুলি (বয়ঃসন্ধির শিশুদের শিশুপালন, অসামর্থ্যযুক্ত শিশুদের শিশুপালন, বাবা-মায়ের বিবাদ হ্রাস করা)
- ঘরোয়া হিংসা সংক্রান্ত হস্তক্ষেপগুলি এবং পুরো পরিবারের জন্য সহায়তা
- স্কুলের প্রস্তুতির সহায়তা
- একজনের-সাথে-একজন বা দলগত সেশনগুলিতে, পরিবারের যেসব সদস্যের জন্য প্রয়োজন তাদের জন্য মাদকের নেশা সংক্রান্ত নির্দেশনা, পরামর্শ ও সহায়তা

- পালনকৃত বা দত্তককৃত হতে চলা শিশু ও কমবয়সী ব্যক্তিদের সহায়তার জন্য লাইফ স্টোরি ওয়ার্ক, যাতে তারা তাদের ব্যক্তিগত যাত্রা সম্পর্কে একটি অবগতি অর্জন করে, তাদের অতীতকে সংযোজিত করতে সহায়তা করা যায়, তাদেরকে তাদের বর্তমানে অনুভূতি পেতে সক্ষম করা যায় এবং তাদের ভবিষ্যতের নিজের পরিচিতি সম্পর্কে একটি স্পষ্ট অনুভূতি তৈরী করা যায়।
- কমবয়সী তত্ত্বাবধানকারী ও তাদের পরিবারগুলির জন্য ব্যক্তিগতকৃত সহায়তা।
- একজনের-সাথে-একজন বা দলগত সেশনগুলিতে, পরিবারের যেসব সদস্যের জন্য প্রয়োজন তাদের জন্য মানসিক স্বাস্থ্য ও আত্ম-মর্যাদা সংক্রান্ত সহায়তা
- কিশোর-কিশোরীদের গৃহহীনতা প্রতিরোধে ব্যক্তিগতকৃত সহায়তা
- সেসব পরিবারগুলির জন্য সহায়তা যাদের সরকারী ফান্ডের সহায়তা নেওয়ার কোন উপায় নেই। বিদেশ থেকে আসা যেসব লোকেরা বেনেফিট বা আর্থিক সুবিধা পাওয়ার যোগ্য নন এবং নিঃস্ব অবস্থায় আছেন, কিন্তু লুটনের 'একজন সাধারণ অধিবাসী', তাদের জন্য পরামর্শ, নির্দেশনা ও সীমিত সহায়তা
- বাবা-মায়েদেরকে পর্যবেক্ষিত কন্ট্যাক্ট বা সাক্ষাতের মাধ্যমে পরামর্শ ও নির্দেশনা প্রদান করা, যাতে তাদেরকে একটি নিরাপদ পরিবেশে শিশুপালনের দক্ষতা তৈরীতে সহায়তা করা যায়।
- পরিবারের যে সব সদস্যদের জন্য মানসিক আঘাত জনিত অবগতি কার্যধারা ও উদ্দীপনাগত সাক্ষাৎকারের প্রয়োজন রয়েছে, তাদের জন্য আমাদের কার্যধারা হল একজনের-সাথে-একজন ও দলগত সেশনগুলির মাধ্যমে সহায়তা প্রদান করা
- পরিবারের বাইরে কমবয়সী ব্যক্তিদের সম্মুখীন হওয়া উল্লেখযোগ্য ক্ষতির বিষয়টি বোঝা ও তাতে সাড়া দেওয়ার ক্ষেত্রে আমাদের কার্যধারা হল পরিপ্রেক্ষিতগত সুরক্ষাকরণ
- লন্ডন রোড জটিল স্বাস্থ্যগত প্রয়োজনগুলি থাকা কমবয়সী ব্যক্তিদের জন্য স্বল্প অবকাশ প্রদান করা চালিয়ে যাবে
- একজনের-সাথে-একজন হিসেবে ও দলগত সেশনগুলির মাধ্যমে ফ্রেশ স্টার্ট সহায়তা প্রদান করা হবে।
- শিশু ও কমবয়সী ব্যক্তি এবং তাদের পরিবারের জন্য সেন্ড (SEND) সহায়তা

আমরা দুটি প্রধান পারিবারিক সংস্থান হাব বা কেন্দ্র করার প্রস্তাবনা করছি, প্রয়োজনগুলি, নির্মাণের উপযুক্ততা ও গ্রহণযোগ্য অবস্থানের ভিত্তিতে এগুলিকে বেছে নেওয়া হয়েছে:

1. ম্যানর কন্ট্যাক্ট সেন্টার (Manor Contact Centre), Chase Street, Luton LU1 3QZ
2. লীগ্রেভ এরিয়াতে, যেখানে সাইট নিয়ে সম্মত হতে হবে

দুটি আউটরীচ বেস হবে:

1. লন্ডন রোড রিসোর্স সেন্টার (London Road Resource Centre), 111 London Road, Luton, LU1 3RH
2. বীচ হিল চিল্ড্রেন্স সেন্টার (Beech Hill Children's Centre), Dunstable Road, Luton LU4 8BW

প্রতিটি হাব দুটি পরিসর জুড়ে পরিষেবাগুলি প্রদান করবে।

এর কি প্রভাব পড়বে?

আমাদের প্রস্তাবনাতে এটি নিশ্চিত করা উচিত যে, সহায়তা গ্রহণকারী লোকেরা এমন একটি পরিষেবা পাবেন, যা তার প্রয়োজনগুলি অনুযায়ী বেশী উপযুক্ত হবে। আমরা স্টে অ্যান্ড প্লে ও অন্যান্য পরিষেবাগুলির মত সমস্ত সার্বিক কার্যধারাগুলি ধীরে ধীরে হ্রাস করব – নীচে দেখুন* ফেব্রুয়ারী 2021 থেকে উপলব্ধ হওয়া শুরু হবে এবং 30 এপ্রিল 2021 থেকে সমস্ত প্রদান বন্ধ হবে। আমাদের অংশীদাররা যেমন এনএইচএস (NHS), কমিউনিটি হেল্থ সার্ভিসেস, স্কুলগুলি, নার্সারীগুলির সাথে কাজ করে এবং কমিউনিটির ও স্বেচ্ছাসেবী ক্ষেত্রের মধ্যে, আমরা খতিয়ে দেখব যে, আমরা কিভাবে তাদের প্রদানকৃত পরিষেবার সাথে প্রস্তাবিত নতুন পরিষেবাটির সংযোজন করতে পারি।
আমরা নিম্নলিখিত স্থানগুলির চিলড্রেন্স সেন্টার পরিসরগুলি থেকে আর কোন চিল্ড্রেন্স সেন্টার পরিষেবা প্রদান করব না:

- ফ্লাইং স্টার্ট সেন্ট্রাল চিল্ড্রেন্স সেন্টার: (ডেনবিগ (Denbigh), স্টপস্লি ব্যাপ্টিস্ট চার্চ (Stopsley Baptist Church))
- ফ্লায়িং স্টার্ট নর্থ চিল্ড্রেন্স সেন্টার: (লিমবারি (Limbury), রেডগ্রেভ সিওয়াইপি (CYP) (Redgrave CYP), গিল ব্লোয়ার্স নার্সারী লীব্যাঙ্ক (Gill Blowers Nursery Leabank))
- ফ্লাইং স্টার্ট সাউথ চিল্ড্রেন্স সেন্টার: পার্ক টাউন (Park Town), হুইপারলি (Whipperley), দি মল (The Mall))
- ফ্লায়িং স্টার্ট ওয়েস্ট চিল্ড্রেন্স সেন্টার: (ড্যালো (Dallow), প্যাস্টুর্স ওয়ে নার্সারী (Pastures Way Nursery), ফক্সডেল (Foxdell), বীচউড (Beechwood), মসডেল কোর্ট (Mossdale Court), লীগ্রেভ (Leagrave), চাউল এন্ড কমিউনিটি সেন্টার (Chaul End Community Centre))

একটি মানচিত্র রয়েছে, যেখানে বর্তমান ফ্লায়িং স্টার্ট ডেলিভারী সাইটগুলি দেখানো হয়েছে - https://www.flyingstartluton.com/wp-content/uploads/2018/08/Flying-Start-May-2018-Revision.pdf

অবশ্য আমরা এটি নিশ্চিত করার জন্য এই সুযোগগুলি খতিয়ে দেখব যে, ভবনগুলিকে যাতে শিশুদের, কমবয়সী ব্যক্তি ও পরিবারগুলির সহায়তার জন্য ব্যবহার করা চালিয়ে যাওয়া যায়।

আপনার প্রয়োজনীয় সহায়তা গ্রহণ করার ক্ষেত্রে আমাদের প্রস্তাবগুলি কিভাবে আপনার উপর প্রভাব ফেলতে পারে আমরা সেই ব্যাপারে আপনার মতামতগুলি জানতে চাই। আমরা এরপর নতুন মডেল তৈরীতে আমাদের সহায়তার জন্য আপনাদের মতামতগুলিকে ব্যবহার করব।

*প্রস্তাবিত সার্বিক পরিষেবাগুলি যা 30শে এপ্রিল 2021 তারিখে শেষ হবে
প্রেগনেন্সি ক্লাব, বাম্প টু বেব অ্যান্টিনাটাল এডুকেশন, ফিডিং ইয়োর নিউ বর্ন, ব্রেস্ট ফিডিং ক্যাফে, টেক 5 ক্যাফে, বেবি ম্যাসেজ, বেবি টক, স্টে অ্যান্ড প্লে, মেসি প্লে, সিং অ্যান্ড সাইন, পেরেন্টিং পাজ্‌ল কোর্সগুলি, নারচারিং প্রোগ্রাম কোর্সগুলি, হেনরি কোর্সগুলি (স্বাস্থ্যসম্মত জীবনধারা, খাওয়াদাওয়া, পুষ্টি) এবং ফ্লাইং স্টার্ট চিল্ড্রেন সেন্টার সাইটগুলিতে বর্তমানে পরিচালিত অন্যান্য স্বাস্থ্য সংক্রান্ত পরিষেবাগুলি।

লুটনে (Luton)

চিলড্রেন্স সেন্টারগুলির পুনঃডিজাইন সংক্রান্ত আলোচনা সমীক্ষা

সর্বাঙ্গীন পরিচয়

আমাদেরকে কিছু খুব কঠিন্ সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

কাউন্সিল জুড়ে পরিষেবাগুলির জন্য উপলব্ধ অর্থায়নের উপর কোভিড-19 (COVID-19) সংকটের যে প্রভাব পড়েছে, তার অর্থ হল চিলড্রেন সার্ভিসেসকে জরুরী বাজেটকে সহায়তা করার জন্য £3.2 মিলিয়ন পাউন্ড মূল্যের সাশ্রয় করতে হবে।

লুটনের চিল্ড্রেন ফ্যামিলিজ অ্যান্ড এডুকেশন ডিপার্টমেন্ট লুটন 2040-এর লক্ষ্যে কাজ করতে দায়বদ্ধ রয়েছে। আমরা বিশ্বাস করি যে, সমস্ত শিশুরই অধিকার রয়েছে তাদের পূর্ণ সম্ভাবনাকে কাজে লাগানোর সুযোগ পাওয়া এবং একটি ভাল মানের জীবন পাওয়া। তাই এটি অবশ্যপ্রয়োজনীয় যে, আমাদের ব্যয়কৃত অর্থ ও উপলব্ধ সংস্থানগুলিকে যাতে সবচেয়ে কার্যকরীভাবে আমাদের কমিউনিটিগুলির সবচেয়ে ঝুঁকিপূর্ণদের প্রয়োজনগুলি পূরণে ব্যবহার করা হয়।

আমরা কেন আলোচনা করছি

আমাদের চিল্ড্রেন্স সেন্টার যেভাবে কাজ করে তা আমাদের প্রস্তাবগুলির দ্বারা পরিবর্তিত হবে এবং পরিষেবাগুলি যেভাবে প্রদান করা হবে এবং যেখান থেকে প্রদান করা হবে সেক্ষেত্রে একটি পরিবর্তন দেখতে পাবেন। সংযুক্ত আলোচনা নথির বিভাগগুলিতে “আমাদের প্রস্তাবনা” ও “কি প্রভাব পড়বে?” বিভাগে এই পরিবর্তনগুলি নির্ধারণ করা হয়েছে।

আমরা বিশেষ করে আমাদের ফ্লাইং স্টার্ট চিল্ড্রেন্স সেন্টারগুলি ব্যবহারকারীদের কাছ থেকে মতামত শুনতে আগ্রহী এবং আমরা প্রস্তাবিত পরিবর্তনগুলির সম্ভাব্য প্রভাবটি বুঝতে চাইছি।

আমরা আমাদের কমিউনিটিগুলির প্রয়োজনগুলিকে আবার খতিয়ে দেখব যাতে, এমন একটি পরিষেবা তৈরী করা যায়, যা সেই প্রয়োজনগুলি পূরণ করবে এবং এটি নিশ্চিত করা যে, আমাদের কাছে একটি অসাধারণ পরিষেবা প্রদানের জন্য প্রয়োজনীয় বিশেষজ্ঞ জ্ঞান ও দক্ষতাগুলি রয়েছে।

আমরা আমাদের প্রস্তাবনা সম্পর্কে আপনাদের মতামতগুলি জানতে চাই। অনুগ্রহ করে, নীচের প্রস্তাবনাগুলি পড়ে নিন এবং 20 সেপ্টেম্বর 2020-এর আগে অনলাইন সমীক্ষাটি সম্পূর্ণ করুন।

কোভিড-19 (Covid-19)-এর কারণে কোনও মুখোমুখি বৈঠকের ব্যবস্থা উপলব্ধ নেই, তবে অনলাইন মিটিংগুলি করা হবে, যাতে অংশীদাররা আমাদের প্রস্তাবনাগুলি সম্পর্কে শুনতে পারেন এবং প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।

এগুলি জুম-এর মাধ্যমে 13 আগস্ট দুপুর 1টা ও সন্ধ্যা 6.30টায় অনুষ্ঠিত হওয়ার জন্য নির্ধারিত রয়েছে। আপনি যদি এতে যোগ দিতে আগ্রহী হন, অনুগ্রহ করে, আমাদের একটি ই-মেইল পাঠান।

আমরা লোকেদেরকে অনলাইনে এই আলোচনা প্রক্রিয়াতে প্রতিক্রিয়া জানাতে উৎসাহিত করে থাকি, তবে আপনি নীচের 'সংশ্লিষ্ট নথিগুলি' বিভাগ থেকে সমীক্ষাটির একটি কাগজের কপি ডাউনলোড করতে পারেন। বিকল্প হিসেবে, টাউন হল থেকে বা এই পৃষ্ঠাতে যোগাযোগের বিবরণী ব্যবহার করে আমাদের সাথে যোগাযোগ করে কাগজের কপিগুলি পেতে পারেন।

ভূমিকা

অনুগ্রহ করে, আশ্বস্ত থাকুন যে, সমস্ত উত্তরগুলিকে গোপন রাখা হবে।

আলোচনা প্রক্রিয়াটি সম্পর্কে আপনার যদি কোন প্রশ্ন থাকে, আপনি এই মেইল আইডিতে মেইল করতে পারেন **PeopleDirectorateSupportUnit@luton.gov.uk** বা আপনি 01582 546939 নম্বরে আপনার যোগাযোগের বিবরণ অন্তর্ভুক্ত করে একটি ভয়েসমেইল ছেড়ে আসতে পারেন এবং আমরা আপনার সাথে যোগাযোগ করে নেব।

আপনি যদি 13 আগস্ট তারিখে অনুষ্ঠিতব্য জুম মিটিং-এ যোগ দিতে চান, অনুগ্রহ করে, আমাদেরকে একটি ই-মেইল পাঠান।

অনুগ্রহ করে, 20শে সেপ্টেম্বর 2020 তারিখে আপনার সম্পূর্ণীকৃত প্রশ্নমালাটিকে ফ্রিপোস্টে (কোন স্ট্যাম্পের প্রয়োজন নেই) LUTON BOROUGH COUNCIL, IFRS আলোচনার কাছে ফেরত পাঠান।

1 আপনি কি প্রধানত: একজন... হিসেবে এই আলোচনাতে সাড়া দিচ্ছেন?

অনুগ্রহ করে, শুধুমাত্র একটি অপশন বেছে নিন

○ আব্বা-আম্মা / তত্বাবধানকারী ○ 18-এর কমবয়সী ব্যক্তি ○ জনগণের সদস্য
○ স্বাস্থ্য প্রতিনিধি / জিপি (GP) ○ স্কুল প্রতিনিধি ○ ট্রেড ইউনিয়ন প্রতিনিধি
○ চিল্ড্রেন্স সেন্টারের কর্মী ○ স্বেচ্ছাসেবী ও কমিউনিটি ক্ষেত্রের সংস্থা
○ বেসরকারী ক্ষেত্রের সংস্থা ○ কাউন্সিল সদস্য / সংসদ সদস্য ○ অন্যান্য

অন্যান্য, অনুগ্রহ করে, উল্লেখ করুন

প্রযোজ্য হলে, অনুগ্রহ করে, আপনার সংস্থার নাম প্রদান করুন:

2 আপনার কি বিশেষ শিক্ষাগত প্রয়োজন এবং/বা অসামর্থ্যযুক্ত শিশু ও শিশুরা রয়েছে?

অনুগ্রহ করে, শুধুমাত্র একটি অপশন বেছে নিন

○ হ্যাঁ ○ না

যদি হ্যাঁ হয়, তাহলে কয়টি শিশু?

চিলড্রেন্স সেন্টার সার্ভিসেস

3 আপনি কি গত দুই বছরে নীচে বিবৃত কোন পরিষেবা ব্যবহার করেছেন? যদি সেরকম হয়, অনুগ্রহ করে, সংশ্লিষ্ট পরিষেবাগুলিতে টিকচিহ্ন দিন

অনুগ্রহ করে, প্রযোজ্য সবগুলি নির্বাচন করুন

☐ ফ্লাইং স্টার্ট চিল্ড্রেন্স সেন্টার ☐ আর্লি হেল্প ☐ ফ্রেশ স্টার্ট ☐ ম্যানর কন্ট্যাক্ট সেন্টার

4 আপনি স্বাভাবিক পরিস্থিতিতে (যেমন, কোভিড-19 (COVID-19) সংকটের আগে) কত ঘন ঘন চিল্ড্রেন্স সেন্টার সার্ভিসেসের সুবিধা ব্যবহার করতেন?

অনুগ্রহ করে, শুধুমাত্র একটি অপশন বেছে নিন

○ সপ্তাহে 2 বা তার বেশী বার ○ সপ্তাহে একবার ○ এক মাসে কয়েক বার ○ মাসে একবার ○ মাসে একবারের কম ○ আমি কোন চিল্ড্রেন্স সেন্টার ব্যবহার করি না

প্রস্তাবনাগুলি সম্পর্কে

5 আপনি কি মনে করছেন যে, প্রস্তাবিত পরিবর্তনগুলি আপনার, আপনার পরিবার এবং/বা অন্যদের উপর কি একটি ইতিবাচক না নেতিবাচক প্রভাব ফেলবে?

অনুগ্রহ করে, শুধুমাত্র একটি অপশন বেছে নিন

○ একটি ইতিবাচক প্রভাব ○ একটি নেতিবাচক প্রভাব ○ কোন প্রভাব নেই ○ জানি না / নিশ্চিত নই

অনুগ্রহ করে, ব্যাখ্যা করুন:

সার্বিক পরিষেবাগুলি

আমরা *31শে মার্চ 2021 থেকে সার্বিক কার্যধারাগুলি প্রদান বন্ধ করার প্রস্তাব করছি। তা সত্ত্বেও আমরা আমাদের অংশীদারদের সাথে আলোচনা করব যে, কিভাবে তাদের মাধ্যমে এই পরিষেবাগুলির কয়েকটি প্রদান করা যেতে পারে।

*প্রেগনেন্সি ক্লাব, বাম্প টু বেব অ্যান্টিনাটাল এডুকেশন, ফিডিং ইয়োর নিউ বর্ন, ব্রেস্ট ফিডিং ক্যাফে, টেক 5 ক্যাফে, বেবি ম্যাসেজ, বেবি টক, স্টে অ্যান্ড প্লে, মেসি প্লে, সিং অ্যান্ড সাইন, পেরেন্টিং পাজ্‌ল কোর্সগুলি, নারচারিং প্রোগ্রাম কোর্সগুলি, হেনরি কোর্সগুলি (স্বাস্থ্যসম্মত জীবনধারা, খাওয়াদাওয়া, পুষ্টি) এবং ফ্লাইং স্টার্ট চিল্‌ড্রেন সেন্টার সাইটগুলিতে বর্তমানে পরিচালিত অন্যান্য স্বাস্থ্য সংক্রান্ত পরিষেবাগুলি।

6 আপনার মতে কোন্ সার্বিক কার্যধারাগুলিকে অবশ্যপ্রয়োজনীয় এবং একটি অগ্রাধিকার হিসেবে বিবেচনা করা উচিত?

অনুগ্রহ করে, ব্যাখ্যা করুন যে কেন

7 আপনি যদি একটি অংশীদার এজেন্সী হন, আপনি কি মনে করেন যে, পরিবর্তনগুলি আপনার পরিষেবা এবং আপনি যে পরিবারগুলিকে সহায়তা করেন সেগুলির উপর প্রভাব ফেলবে।

অনুগ্রহ করে, ব্যাখ্যা করুন

সবচেয়ে ঝুঁকিপূর্ণ পরিবারগুলির প্রয়োজনগুলি পূরণ করা

৪ আপনি কি মনে করেন যে, একটি একত্রিত পরিবার সংস্থান পরিষেবাতে পরিবর্তিত হওয়ার যে প্রস্তাবনা করা হচ্ছে, তা লুটনের সবচেয়ে ঝুঁকিপূর্ণ পরিবারগুলির প্রয়োজনগুলি পূরণ করবে?

অনুগ্রহ করে, শুধুমাত্র একটি অপশন বেছে নিন

○ হ্যাঁ ○ না ○ জানি না / নিশ্চিত নই

অনুগ্রহ করে, ব্যাখ্যা করুন:

সুপারিশগুলি ও মন্তব্যগুলি

৭ কাউন্সিল কিভাবে প্রয়োজনীয় সাশ্রয় বাস্তবায়িত করতে পারে, তার বিকল্প উপায়গুলির ব্যাপারে কি আপনার কোন সুপারিশ রয়েছে?

অনুগ্রহ করে, নীচের বক্সে লিখুন

10 আপনার কি লুটন চিল্ড্রেন্স সেন্টারের প্রস্তাবিত পরিবর্তনগুলির ব্যাপারে কোন সুপারিশ রয়েছে, উদাহরণস্বরূপ বিকল্প অপশনগুলি, কেন কাউন্সিলগুলির একটি বিশেষ চিল্ড্রেন্স সেন্টার রাখা বা বন্ধ করা উচিত বা আর কি কোন কিছু রয়েছে যা আপনি যোগ করতে চান?

অনুগ্রহ করে, নীচের বক্সে লিখুন

11 আপনার কি আর কোন মন্তব্য রয়েছে, যা কাউন্সিলের বিবেচনা করা উচিত?

অনুগ্রহ করে, নীচের বক্সে লিখুন

আপনার সম্পর্কে

'আপনার সম্পর্কে' বিভাগে আপনি যে তথ্যাবলী প্রদান করেছেন তা কাউন্সিলকে এই ব্যাপারে অতিরিক্ত তথ্যাবলী প্রদান করবে যে, কারা আলোচনাতে প্রতিক্রিয়া দিচ্ছেন এবং তা মতামতের বিশ্লেষণে সহায়তা করবে। আপনার মতামত সবসময় গোপনীয়তার সাথে বিবেচনা করা হবে এবং তা কোন তৃতীয় পক্ষের সাথে ভাগ করে নেওয়া হবে না। আমরা নিশ্চিত করব যে, ফলাফলগুলি রিপোর্ট করার সময় ব্যক্তিদের চিহ্নিত করা সম্ভব হবে না।

12 আপনার বাড়ির পোস্টকোড কত? এই প্রশ্নটি শুধুমাত্র বিশ্লেষণের উদ্দেশ্যে ব্যবহার করা হবে

অনুগ্রহ করে, আপনার পোস্টকোড প্রবেশ করান

13 আপনি কোন্ লিঙ্গের সাথে নিজেকে চিহ্নিত করুন?

অনুগ্রহ করে, শুধুমাত্র একটি অপশন বেছে নিন

○ পুরুষ ○ স্ত্রী ○ অন্যান্য

14 আপনি কি বর্তমানে গর্ভবতী বা গত ছয় মাসে সন্তান প্রসব করেছেন?

অনুগ্রহ করে, শুধুমাত্র একটি অপশন বেছে নিন

○ হ্যাঁ ○ না ○ বলতে চাইছি না

15 আপনি কোন বয়স শ্রেণীতে পড়েন?

অনুগ্রহ করে, শুধুমাত্র একটি অপশন বেছে নিন

○ অনূর্ধ্ব 18 ○ 18 - 24 ○ 25 - 34 ○ 35 - 44 ○ 45 - 54 ○ 55 - 64
○ 65 - 74 ○ 75 - 84 ○ 85 ও তার বেশী ○বলতে চাইছি না

16 নীচের কোন গোষ্ঠীটি আপনাকে সবচেয়ে ভালভাবে বর্ণনা করছে?

অনুগ্রহ করে, শুধুমাত্র একটি অপশন বেছে নিন

○ শ্বেতাঙ্গ - ব্রিটিশ ○ শ্বেতাঙ্গ - আইরিশ ○ শ্বেতাঙ্গ – ইস্ট ইউরোপীয়ান ○ অন্যান্য শ্বেতাঙ্গ
○ মিশ্র – শ্বেতাঙ্গ ও কৃষ্ণাঙ্গ ক্যারিবিয়ান ○ মিশ্র – শ্বেতাঙ্গ ও কৃষ্ণাঙ্গ আফ্রিকান
○ মিশ্র – শ্বেতাঙ্গ ও এশিয়ান ○ অন্যান্য মিশ্র ○ এশিয়ান/এশিয়ান ব্রিটিশ - ভারতীয়
○ এশিয়ান/এশিয়ান ব্রিটিশ - কাশ্মীরী ○ এশিয়ান/এশিয়ান ব্রিটিশ –পাকিস্তানি
○ এশিয়ান/এশিয়ান ব্রিটিশ - বাংলাদেশী ○ অন্যান্য এশিয়ান ○ কৃষ্ণাঙ্গ/কৃষ্ণাঙ্গ ব্রিটিশ - ক্যারিবিয়ান
○ কৃষ্ণাঙ্গ/কৃষ্ণাঙ্গ ব্রিটিশ - আফ্রিকান ○ কৃষ্ণাঙ্গ অন্যান্য ○ চীনা ○ অন্যান্য

17 আপনাকে কি একটি অসামর্থ্য থাকা হিসেবে শ্রেণীভুক্ত করা হয় / বা করা হয়েছিল?

অনুগ্রহ করে, শুধুমাত্র একটি অপশন বেছে নিন

○ হ্যাঁ ○না ○ বলতে চাইছি না

আপনার মতামতের জন্য আপনাকে ধন্যবাদ